



স্মারক নং-৩৪.০১.৭৯৪৭.০০০.৩৮.০৫৯.১৩- ৩০৬০

তারিখঃ ০৫/১০/২০২৩খ্রিঃ।

“ভর্তি বিজ্ঞপ্তি”

দেশের বেকার সমস্যা সমাধান কল্পে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরধীন আত্মকর্মসংস্থান মূলক কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় ০৭(সাত) দিন মেয়াদি অপ্রতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	কোর্সের মেয়াদ	প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাতা (টাকা)	আসন সংখ্যা	আবেদনের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও সময়	ভর্তির তারিখ	মন্তব্য
০১	হাঁস মুরগী পালন	অষ্টম শ্রেণি বা সমমান বয়সঃ ১৮ থেকে ৩৫ বছর	০৭(সাত) দিন (অনাবাসিক)	জনপ্রতি দৈনিক ১০০/- (এক শত) টাকা	প্রতি ব্যচে ৩০ (ত্রিশ) জন	১১/১০/২০২৩খ্রিঃ	১২/১০/২০২৩খ্রিঃ	১৫/১০/২০২৩খ্রিঃ	

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদিঃ

- বর্ণিত কোর্সে দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১১/১০/২০২৩খ্রিঃ।
- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুব ও যুব মহিলা হতে হবে।
- আবেদন পত্রের সাথে (১) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ছায়াছবি (২) জাতীয় পরিচয় পত্র (যদি থাকে) বা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র (৩) সাক্ষাৎকার ও মনোনয়নের কালে মূল সনদপত্রসহ সদ্য তোলা ০২কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে হবে।
- সাক্ষাৎকার নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রশিক্ষণের শর্তাবলীঃ

- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃংখলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের বরাবরে দাখিল করতে হবে।
- প্রশিক্ষণ কালে সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
কাউখালী, পিরোজপুর।
মোবাঃ ০১৭১৬৩৬২৬৪১।




এস এম জাহিদ হোসেন
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কাউখালী, পিরোজপুর।

স্মারক নং-৩৪.০১.৭৯৪৭.০০০.৩৮.০৫৯.১৩-

তারিখঃ ০৫/১০/২০২৩খ্রিঃ।

সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, পিরোজপুর।
- ৩। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কাউখালী, পিরোজপুর।
- ৪। প্রধান শিক্ষক বিদ্যালয়, কাউখালী, পিরোজপুর।
(আপনার প্রতিষ্ঠানে প্রশিক্ষণের ভেনু হিসাবে নির্ধারণ করা হয়েছে বিধায় আপনাকে সার্বিক সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। নোটিশ বোর্ড।
- ৬। অফিস কপি।


এস এম জাহিদ হোসেন
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কাউখালী, পিরোজপুর।